গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
সিরাজগঞ্জ সদর ,সিরাজগঞ্জ।

## নোটিশ

এতদ্বারা উপজেলা কৃষি স্থায়ী কমিটির সকল সম্মানিত সদস্যদের জানানো যাচ্ছে যে, আগামী ২৪/০২/২০২২ খ্রিঃ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় অত্র কমিটির সম্মানিত সভাপতি উপজেলা ভাইস চেয়ারম্যান , সিরাজগঞ্জ সদর মহোদয়ের অফিস কক্ষে এক সভা আহবান করা হয়েছে।

উক্ত সভার সকল সদস্যগণকে যথা সময়ে নির্দিষ্ট স্থানে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ/
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ।

স্মারক নংঃ ১২.১৮.৮৮৭৮.০৪১.৩৮.০০৭.২২.২১৩(৫)। তারিখঃ ২২/০২/২০২২খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। ভাইস চেয়ারম্যান ও কৃষি স্থায়ী কমিটির সভাপতি, সিরাজগঞ্জ সদর উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ ।
২। চেয়ারম্যান ও কৃষি স্থায়ী কমিটির সদস্য, মেছড়া ইউনিয়ন পরিষদ, সিরাজগঞ্জ সদর ।
৩। চেয়ারম্যান ও কৃষি স্থায়ী কমিটির সদস্য, কাওয়াকোলা ইউনিয়ন পরিষদ, সিরাজগঞ্জ সদর ।
৪। চেয়ারম্যান ও কৃষি স্থায়ী কমিটির সদস্য, কালিয়া হরিপুর ইউনিয়ন পরিষদ, সিরাজগঞ্জ সদর ।
৫। অফিস কপি, অত্র দপ্তর।

22/2/22

উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ।

**সভা নং-/১-২০২২**
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি
সিরাজগঞ্জ সদর এর সভার কার্যবিবরণী।

সভাপতিঃ- এসএম নাহিম রেজা নুর, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ।
স্থানঃ সভাপতির অফিস কক্ষ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
তারিখঃ ২৪/০২/২০২২ খ্রিঃ                                                  সময়ঃ সকাল-১০.০০ ঘটিকা।

| ক্রং নং | সদস্যের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ রোস্তম আলী | উপজেলা কৃষি অফিসার, সিরাজগঞ্জ সদর। | |
| ০৪ | মোঃ সবুর আলী সেখ | চেয়ারম্যান, কালিয়া হরিপুর ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর। | |
| ০৫ | মোঃ আব্দুল মজিদ | চেয়ারম্যান, মেছড়া ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর। | |
| ০৬ | মোঃ জিয়াউর রহমান | চেয়ারম্যান, কাওয়াকোল ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর। | |

অদ্যকার সভার সভাপতি উপজেলা ভাইস চেয়ারম্যান সিরাজগঞ্জ সদর মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি কর্মসুচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবকে আহবান জানান। সদস্য সচিব সকলকে স্বাগত জানিয়ে আলোচনা শুরু করেন।

| আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ভার্মি কম্পোষ্ট সার তেরি ও ব্যবহার নিয়ে আলোচনা। | সদস্য সচিব জানান যে, ভার্মি কম্পোষ্ট হলো কেচোঁসার। এ সার ব্যবহার করলে মাটির ভৌত,রাসায়নিক ও জৈবিক গুনাগুন বৃদ্ধি করে। মাটির পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি করে। রাসায়নিক সারের ব্যবহার কমানো ,পরিবেশের ক্ষতিকর প্রভাব থেকে রক্ষা,ফসলের পুষ্টিমান বৃদ্ধি ও মাটির পিএইচ এর মাত্রা নিয়ন্ত্রনসহ মাটির বিষক্রিয়া দুর করা| | উপজেলা প্রশাসনের সাথে সমন্বয়ের মাধ্যমে প্রযুক্তি সম্প্রসারণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| গুটি ইউরিয়া ও এর সুবিধা নিয়ে আলোচনা। | সদস্য সচিব জানান যে, আধুনিক প্রযুক্তি গ্রহণ ও বাস্তবায়ন ব্যতিত কৃষকের আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন সম্ভব নয়। গুটি ইউরিয়া নাইট্রোজেন সম্বলিত একটি রাসায়নিক সার। এটা দেখতে ন্যাপথলিনের মতো। দুই ধরনের গুটি হয়ে থাকে। ৯০ মিলিগ্রাম ইউরিয়া গুটিকে ইউরিয়া সুপার গ্রানুলস বলে। এ গুটি বোরো ধানে ৩টি করে, আউশ ও আমন ধানে ২টি করে প্রয়োজন হয়। ১.৮ গ্রাম থেকে ২.৭ গ্রাম ওজনের আরো দুধরনের গুটি রয়েছে। এ ধরনের গুটিকে মেগা গুটি বলে। ২.৭ গ্রাম ওজনের গুটি বোরো ধানে ১টি করে ব্যবহার করতে হয় ।প্রযুক্তি, গুটি ইউরিয়া প্রয়োগ, উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতার জন্য সভায় আলোচনা হয় ।গুড়া ইউরিয়া উদ্বায়ী। তাই গ্যাস বাতাসে উড়ে যায়। গুড়া ইউরিয়া শতকরা ৩০-৪০% অপচয় হয় ।ইউরিয়া দ্রুত মাটির সাথে দ্রবীভূত হয় এবং চুইয়ে মাটির নিচে গভীরে চলে যায়। গুটি ইউরিয়া প্রয়োগ পদ্ধতিঃ প্রথম সারিতে প্রথম ৪ গোছার মাঝখানে ৮-১০ সেমি বা ৩-৪ ইঞ্চি মাটির গভীরে গুটি পুতঁতে হয়। একই সারিতে পরবর্তী ৪ গোছার মাঝখানবাদ দিয়ে তার পরের ৪গোছার মাঝখানে গুটিপুতঁতে হবে।এভাবে প্রথম সারিশেষকরতে হবে। | উপজেলা প্রশাসনের সাথে সমন্বয়ের মাধ্যমে প্রযুক্তি সম্প্রসারণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| **AWD(Alternate Wetting& Drying )** **পদ্ধতিতে ধানের জমিতে সেচ প্রদান ঃ** AWD পদ্ধতিতে সেচ প্রদান করলে সুবিধা সমূহ হলোঃ **জমিতে সেচ প্রদানের সময় ও পদ্ধতিঃ** | সদস্য সচিব জানান যে, উন্নত পানি ব্যবস্থাপনা নিয়ে দেশে বিদেশে অনেক গবেষনা চলছে। আন্তর্জাতিক ধান গবেষনা ইনস্টিটিউট এশিয়ার প্রধান ধান উৎপাদনকারী দেশগুলোতে ব্যপক গবেষনা করে এ সিদ্ধান্তে পৌঁছেছে যে, ধান চাষে অনবরত দাড়ানো পানি রাখার প্রয়োজন নেই। এতে জমিতে পানির অপচয় কমবে কিন্তু ফলন কমবে না। AWD আন্তর্জাতিক ধান গবেষনা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত ধানের জমিতে সেচ প্রদান পদ্ধতি যাতে ধান ক্ষেতের মাটিতে স্থাপিত ছিদ্রযুক্ত পর্যবেক্ষন নলের ভেতর পানির মাত্রা দেখে সেচ প্রদানের সময় নিধারণ করা হয়। ৩০ সেঃমিঃ লম্বা ও ১০ সেঃমিঃ ব্যাসের পর্যবেক্ষণ নলটির ২০ সেঃমিঃ ছিদ্রযুক্ত অংশ মাটির ওপরে থাকবে। যখন নলের ভেতরে কোন পানি দেখা না যায় তখনই সেচ দেওয়ার উপযুক্ত হয়েছে বলে ধরে নিতে হবে। বোরোর ক্ষেত্রে চারা রোপনের ১০ দিন পর্যন্ত জমিতে ৪ সেঃমিঃ দাড়ানো পানি রাখতে হবে। গাছে ফুল আসা থেকে দুধ স্তর পর্যন্ত ২ সপ্তাহ জমিতে অবশ্যই ৫ সেঃমিঃ দাড়ানো পানি রাখতে হবে। **এক্ষেত্রে AWD পদ্ধতি ব্যবহারের প্রয়োজন হয় না।** (১) বোরো ধান চাষে প্রচলিত প্লাবন সেচের তুলনায় ৩০-৫০% কম পানি লাগবে এবং সেচ খরচ আনুপাতিক হারে কমে যাবে।(২) সেচ কার্যে ব্যবহৃত ডিজেলের পরিমান কমে আসবে এবং বৈদেশিক মুদ্রার সাশ্রয় হবে।(৩) ভূ- গর্ভস্থ পানির ওপর চাপ কমবে। | কোন ভাবেই যেন আবাদী জমি হ্রাস না পায় সে বিষয়ে উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় সাধন করতে হবে। |

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষনা করেন।

স্বা:
(এসএম নাছিম রেজা নুর)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ
ও
সভাপতি
উপজেলা কৃষি বিষয়ক স্থায়ী কমিটি।
তারিখ ঃ ২৪/০২/২০২২ খ্রিঃ।

স্মারক নং ১২.১৮.৮৮৭৮.০৪১.০৬.০২৪.২২.২২৫

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
২। উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
৩। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর।
৪। সহকারী প্রকৌশলী পানাসি, সিরাজগঞ্জ সদর।
৫। চেয়ারম্যান, কালিয়া হরিপুর/মেছড়া/কাওয়াকোলা ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর।

24/2/22
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষিও সেচ বিষয়ক স্থায়ী কমিটি
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
সিরাজগঞ্জ সদর ,সিরাজগঞ্জ।

## নোটিশ

এতদ্বারা উপজেলা কৃষি স্থায়ী কমিটির সকল সম্মানিত সদস্যদের জানানো যাচ্ছে যে, আগামী ২৬/১২/২১ খ্রিঃ রোজ রবিবার সকাল ১০.০০ ঘটিকায় অত্র কমিটির সম্মানিত সভাপতি উপজেলা ভাইস চেয়ারম্যান , সিরাজগঞ্জ সদর মহোদয়ের অফিস কক্ষে এক সভা আহবান করা হয়েছে।

উক্ত সভার সকল সদস্যগণকে যথা সময়ে নির্দিষ্ট স্থানে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ
উপজেলা কৃষি অফিসার
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ।

স্মারক নংঃ ১২.১৮.৮৮৭৮.০৪১.৩৮.০০৭.২১.১৩৬১ (৫)। তারিখঃ ২৩/১২/২০২১খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। ভাইস চেয়ারম্যান ও কৃষি স্থায়ী কমিটির সভাপতি, সিরাজগঞ্জ সদর উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ ।
২। চেয়ারম্যান ও কৃষি স্থায়ী কমিটির সদস্য, মেছড়া ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর ।
৩। চেয়ারম্যান ও কৃষি স্থায়ী কমিটির সদস্য, কাওয়াকোলা ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর ।
৪। চেয়ারম্যান ও কৃষি স্থায়ী কমিটির সদস্য, কালিয়া হরিপুর ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর ।
৫। অফিস কপি, অত্র দপ্তর।

উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ।

সভা নং-/৬-২০২১

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি

সিরাজগঞ্জ সদর এর সভার কার্যবিবরণী।

সভাপতিঃ- এসএম নাহিম রেজা নুর, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ।

স্থানঃ সভাপতির অফিস কক্ষ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

তারিখঃ ২৬/১২/২০২১ খ্রিঃ সময়ঃ সকাল-১০.০০ ঘটিকা।

| ক্রং নং | সদস্যের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ রোস্তম আলী | উপজেলা কৃষি অফিসার, সিরাজগঞ্জ সদর। | |
| ০২ | ডাঃ মোঃ হারুনার রশিদ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর। | |
| ০৩ | মোঃ মোসাদ্দেক হোসেন | সহকারী প্রকৌশলী পানাসি, সিরাজগঞ্জ সদর। | |
| ০৪ | মোঃ সবুর আলী সেখ | চেয়ারম্যান, কালিয়া হরিপুর ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর। | |
| ০৫ | মোঃ আব্দুল মজিদ | চেয়ারম্যান, মেছড়া ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর। | |
| ০৬ | মোঃ আঃ আলীম ভুইয়া | চেয়ারম্যান, কাওয়াকোলা ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর। | |

অদ্যকার সভার সভাপতি উপজেলা ভাইস চেয়ারম্যান সিরাজগঞ্জ সদর মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি কর্মসুচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবকে আহবান জানান। সদস্য সচিব সকলকে স্বাগত জানিয়ে আলোচনা শুরু করেন।

| আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| পরিবর্তিত জলবায়ু উপযোগী কৃষি আলোচনা। | সদস্য সচিব জানান যে, জলবায়ু পরিবর্তন এবং ধারাবাহিক অসামঞ্জস্যতা বাংলাদেশের কৃষির সামনে একটি প্রধান সমস্যা হতে চলছে। তাপমাত্রা ক্রমবৃদ্ধির ফলে অনেক ফসলের উৎপাদন কমে যাচ্ছে, অন্য দিকে আগাছা , রোগবালাই ও পোকামাকড়ের আক্রমন বৃদ্ধি পাচ্ছে। ফসলের উৎপাদন গুরুত্বপূর্ণভাবে কমে যাচ্ছে এর কারন উৎপাদন মৌসুমের স্থায়ীকাল হ্রাস, যার ফলে ফসরের বংশবৃদ্ধি এবং দানা গঠনের উপর প্রভাব ফেলে। জলবায়ুর সুসামঞ্জস্য কৃষি নিশ্চিত করতে হলে আমাদের কিছু ব্যবস্থা নিতে হবে-যার মধ্যে থাকবে উপযুক্ত নীতিমালা,বিভিন্ন প্রতিষ্ঠান এবং প্রয়োজনীয় অবকাঠামো এবং কৃষি কাজে নিয়োজিত তথ্যসমৃদ্ধ এবং প্রয়োজনীয় সম্পদশীল জনগোষ্ঠী। জলবায়ু পরিবর্তনে কয়েকটি গুরুত্বপূর্ণ ফসলের উপর প্রভাব পরে যেমন-ধান ঃ খরা ও বৃষ্টির দিন হ্রাস পাওয়ার ফলে ধানের ফলনে বিরূপ প্রভাব ফেলতে পারে। অনুরূপ ভাবে ভুট্টা, আলু, নারিকেল,লেবু জাতীয় ফল,পেয়ারা,লিচু,পেঁপে ইত্যাদি ফসলের তাপমাত্রা ও বৃষ্টির কারণে ফলন কমতে শুরু করেছে। এ বিষয়ে উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় সাধনের জন্য সভায় আলোচনা হয়। | জলবায়ু উপযোগী বিভিন্ন ফসলের জাত উদ্ভাবন হয়েছে সেগুলি কৃষকদের মাঝে আলোচনা করে সম্প্রসারণ করার জন্য উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় সাধন করতে হবে। |
| **বসতবাড়ির আঙ্গিনায় সবজি ও সুবিধা ঃ** | সদস্য সচিব উপজেলা কৃষিঅফিসার বলেন ,বাংলাদেশের মোট আবাদী জমির শতকরা ৫ ভাগের মত প্রায় দেড় কোটি বসতবাড়ীর আওতায় রয়েছে। কিন্তু এসব বসতবাড়ীর আঙ্গীনার অধিকাংশ ক্ষেত্রেই পরিকল্পিতভাবে ব্যবহার হচ্ছে না। যার ফলে আমাদের দেশে বিশেষ করে গ্রাম বাংলার মানুষ, পরিকল্পিত আবাসের মাধ্যমে বাড়ীর আঙ্গিনা থেকে যে বিপুল পরিমাণ শাক-সবজি এবং ফলমূল উৎপাদন করে পুষ্টির চাহিদা পূরণ থেকে বঞ্চিত হচ্ছে। শাক-সবজি ও ফলমূল থেকে যে সব পুষ্টি উপাদান অতি সহজে পাওয়া যায় তা বহু জটিল রোগকে প্রতিরোধ করে। প্রয়োজনীয় পরিমানে শাক-সবজি না খাওয়ার কারণেই আমাদের দেশে জনগোষ্ঠীর বিরাট অংশ চরম পুষ্টিহীনতায় ভূগছে এবং নানাবিধ রোগে আক্রান্ত হচ্ছে। বাড়ীর আঙ্গিনায় সবজি বা ফলের চাষে পরিবারের চাহিদা মিটিয়ে বাড়তি সবজি বিক্রি করে পরিবারের জন্য বাড়তি আয়ের সংস্থান করাও সম্ভব।পুষ্টির বিবেচনায় প্রায় সকল শাক-সবজিতেই আদর্শ পুষ্টিমান বিদ্যমান থাকে, ফলে বছরব্যাপী উপযুক্ত পরিমাণ সবজি গ্রহনে পুষ্টিহীনতা দূর করে এবং রোগমুক্ত থাকা সম্ভব | উপজেলা প্রশাসনের সাথে সমন্বয়ের মাধ্যমে বসতবাড়ির আঙ্গিনায় সবজি চাষে সুবিধা ও প্রযুক্তি সম্প্রসারণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বিষমুক্ত ফসল উৎপাদন | সদস্য সচিব জানান যে, বর্তমানে ফসল উৎপাদনে কৃষকের অজ্ঞতা/অধিক মুনাফার আশায় বিভিন্ন প্রকার কীটনাশক মাত্রাতিরিক্ত ব্যবহার করে। যার ফলে এসব খাবার খেয়ে মানুষ বিভিন্ন দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হচ্ছে। এ বিষয়ে সচেতনা তৈরিতে জৈব পদ্ধতিতে ফসল উৎপাদনে সভায় আলোচনা হয়। | উপজেলাপ্রশাসনেরসহযোগিতায় জৈবপদ্ধতিতে ফসল উৎপাদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। |

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষনা করেন।

স্বা:

(এসএম নাছিম রেজা নুর)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ
ও
সভাপতি
উপজেলা কৃষি বিষয়ক স্থায়ী কমিটি।
তারিখ : ২৬/১২/২০২১ ইং

স্মারক নং ১২.১৮.৮৮৭৮.০৪১.০৬.০২৪.২১.১৩৭০(৫)

১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
২। উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
৩। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর।
৪। সহকারী প্রকৌশলী পানাসি, সিরাজগঞ্জ সদর।
৫। চেয়ারম্যান, কালিয়া হরিপুর/মেছড়া/কাওয়াকোলা ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর।

উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষিও সেচ বিষয়ক স্থায়ী কমিটি
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
সিরাজগঞ্জ সদর ,সিরাজগঞ্জ।

## নোটিশ

এতদ্বারা উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সকল সম্মানিত সদস্যদের জানানো যাচ্ছে যে, আগামী ২১/১০/২০২১ খ্রিঃ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় অত্র কমিটির সম্মানিত সভাপতি উপজেলা ভাইস চেয়ারম্যান , সিরাজগঞ্জ সদর মহোদয়ের অফিস কক্ষে এক সভা আহবান করা হয়েছে।

উক্ত সভায় সকল সদস্যগণকে যথা সময়ে নির্দিষ্ট স্থানে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ
উপজেলা কৃষি অফিসার
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ বিষয়কস্থায়ী কমিটি
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ।

স্মারক নংঃ ১২.১৮.৮৮৭৮.০৪১.৩৮.০০৭.২১. ১০৯৩ (৫)।

তারিখঃ ১৭/১০/২০২১খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। ভাইস চেয়ারম্যান ও কৃষি স্থায়ী কমিটির সভাপতি, সিরাজগঞ্জ সদর উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ ।
২। চেয়ারম্যান ও কৃষি স্থায়ী কমিটির সদস্য, মেছড়া ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর ।
৩। চেয়ারম্যান ও কৃষি স্থায়ী কমিটির সদস্য, কাওয়াকোলা ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর ।
৪। চেয়ারম্যান ও কৃষি স্থায়ী কমিটির সদস্য, কালিয়া হরিপুর ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর ।
৫। অফিস কপি, অত্র দপ্তর।

উপজেলা কৃষি অফিসার
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি
সিরাজগঞ্জ সদর,সিরাজগঞ্জ।

সভা নং-/৫-২০২১

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি

সিরাজগঞ্জ সদর এর সভার কার্যবিবরণী।

সভাপতিঃ- এসএম নাহিম রেজা নুর, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ।

স্থানঃ সভাপতির অফিস কক্ষ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

সময়ঃ সকাল-১০.০০ ঘটিকা।

তারিখঃ ২১/১০/২০২১খ্রিঃ

| ক্রং নং | সদস্যের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ রোস্তম আলী | উপজেলা কৃষি অফিসার, সিরাজগঞ্জ সদর। | |
| ০২ | ডাঃ মোঃ হারুনার রশিদ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর। | |
| ০৩ | মোঃ মোসাদ্দেক হোসেন | সহকারী প্রকৌশলী পানাসি, সিরাজগঞ্জ সদর। | |
| ০৪ | মোঃ সবুর আলী সেখ | চেয়ারম্যান, কালিয়া হরিপুর ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর। | |
| ০৫ | মোঃ আব্দুল মজিদ | চেয়ারম্যান, মেছড়া ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর। | |
| ০৬ | মোঃ আঃ আলীম ভুইয়া | চেয়ারম্যান, কাওয়াকোল ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর। | |

অদ্যকার সভার সভাপতি উপজেলা ভাইস চেয়ারম্যান সিরাজগঞ্জ সদর মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।অতঃপর তিনি কর্মসূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবকে আহবান জানান। সদস্য সচিব সকলকে স্বাগত জানিয়ে আলোচনা শুরু করেন।

| আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| পরিবেশ বান্ধব কৃষি | সদস্য সচিব জানান যে, ফসলের উৎপাদন বৃদ্ধির জন্য বিভিন্ন প্রকার প্রযুক্তি কৃষকের মাঝে সম্প্রসারণ করা অতীব জরুরী। আধুনিক প্রযুক্তি গ্রহন ও বাস্তবায়ন ব্যতিত কৃষকের আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন সম্ভব নয়। সনাতন কৃষির বদলে বর্তমানে অনেক বেশি আধুনিক । কৃষিতে নানা প্রযুক্তির ব্যবহার নানা সম্ভাবনার দুয়ার কৃষিকে করেছে গতিময়। আমাদের কৃষি কাজগুলো বেশি রাসায়নিক। রাসায়নিক দ্রব্যাদির নির্বিচার ব্যহারে জলজ,প্রাণিজ ও ক্ষেতে থাকা আমাদের উপকারী প্রাণীগুলো মারা যাচ্ছে। রাসায়নিক দ্রব্যাদি পানিতে যখন মেশে তখন জলজ প্রাণীগুলো ও মারা যায়। বর্তমানে বেগুন ক্ষেতের ফলছিদ্রকারী পোকা দমনে যত্রতত্র কীটনাশক ব্যবহার করা হয়। যা মানব স্বাস্থের জন্য ক্ষতিকর্ কারন কীটনাশক রেসিডুয়াল ইফেক্ট থাকে অনেক দিন। এছাড়া আমরা কীটনাশক ব্যবহার করার পর সবজি তোলার জন্য যে অপেক্ষমান সময় মেনে চলতে হয় তা মানি না। ফলে নিজের অজান্তেই আমাদের শরীরে বিষ ঢুকে যাচ্ছে। আমরা হচ্ছি বিকলাঙ্গ বা বন্ধা। ভাবষ্যৎ প্রজন্ম ধ্বংস হচ্ছে। সে কারনে সেক্স ফেরোমমন ফাঁদ,বিটি বেগুন চাষাবাদ করা হচ্ছে। অন্যদিকে রাসায়নিক সার ব্যবহার কমিয়ে আমরা কম্পোষ্ট,ভার্মিকম্পোষ্টকুইক কম্পোষ্ট সার ব্যবহার করতে পারি। আমরা যখন বালাইনাশক করি তার বেশি ভাগই ভাগই নির্মল পরিবেশের জন্য সহায়ক নয়। | উপজেলা প্রশাসনের সাথে সমন্বয়ের মাধ্যমে প্রযুক্তি সম্প্রসারণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| পানি সাশ্রয়ী সেচ প্রযুক্তি বিষয়ে আলোচনা। | সদস্য সচিব জানান যে, এক কেজি ধান উৎপাদন করতে বাংলাদেশের গড়ে ৪০০০ থেকে ৫০০০ লিটার পানি ব্যবহার হয়। এবাবে চলতে থাকলে সেচ দেওয়ার মতো ভূ-গর্ভস্থ আর পানিই অবশিষ্ট থাকবেন না এবং বিকল্প হিসেবে আবাদের জন্য বোতল জাত পানি কিনে সেচ দিতে হবে তাহলে এক কেজি ধান উৎপাদন করতে ৫০০০ লিটার পানি ২০ টাকা দরে খরচ হবে মাত্র এক লক্ষ টাকা। অপচয় এবং সেচ ব্যবস্থাপনার অভাবে আমাদের সেচ খরচ হয় তুলনামূলক ভাবে অনেক বেশি। পানি সাশ্রয়ের জন্য পল্লী উন্নয়ন একাডেমি ব্রি এবং ইরি এর সম্মিলিত প্রচেষ্টায় এ গবেষণায় উল্লেখযোগ্য উদ্ভাবন হচ্ছে অলটারনেট ওয়েটিং ও ড্রাইং পদ্ধতি(এ ডাব্লিউ ডি) কৃষকেরা যার নাম দিয়েছে ম্যাজিক পাইপ্ এটি ব্যবহারের ফলে এলাকাভেদে ২০-৩০% পর্যন্ত সেচের পানি সাশ্রয় সম্ভব হবে। এ পদ্ধতি ব্যবহারের জন্য উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতার জন্য সভায় আলোচনা হয়। | উপজেলা প্রশাসনের সাথে সমন্বয়ের মাধ্যমে পানি সাশ্রয়ী সেচ প্রযুক্তি সম্প্রসারণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বিষমুক্ত ফসল উৎপাদন | সদস্যসচিব জানান যে, বর্তমানে ফসল উৎপাদনে কৃষকের অজ্ঞতা/অধিকমুনাফার আশায় বিভিন্ন প্রকার কীটনাশক মাত্রাতিরিক্ত ব্যবহার করে।যার ফলে এসব খাবার খেয়ে মানুষ বিভিন্ন দুরারোগ্য ... আলোচনা হচ্ছে এবিষয়ে সচেতনা তৈরিতে জৈব পদ্ধতিতে ফসল উৎপাদনে সভায় | উপজেলাপ্রশাসনেরসহযোগিতায় জৈব পদ্ধতিতেফসল উৎপাদনের জন্য সিদ্ধান্ত গৃহীত |

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:

(এসএম নাহিম রেজা নুর)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ
ও
সভাপতি
উপজেলা কৃষি বিষয়ক স্থায়ী কমিটি।
তারিখ ঃ ২১/১০/২০২১ ইং

স্মারক নং ১২.১৮.৮৮৭৮.০৪১.০৬.০২৪.২১.১১০৫(৫)

১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

২। উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

৩। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর।

৪। সহকারী প্রকৌশলী পানাসি, সিরাজগঞ্জ সদর।

৫। চেয়ারম্যান, কালিয়া হরিপুর/মেছড়া/কাওয়াকেলা ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর।

উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষিও সেচ বিষয়ক স্থায়ী কমিটি
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
সিরাজগঞ্জ সদর ,সিরাজগঞ্জ।

নোটিশ

এতদ্বারা উপজেলা কৃষি ও সেচ স্থায়ী কমিটির সকল সম্মানিত সদস্যদের জানানো যাচ্ছে যে, আগামী ২৫/০৮/২০২১খ্রিঃ রোজ বুধবার সকাল ১০.০০ ঘটিকায় অত্র কমিটির সভাপতি উপজেলা ভাইস চেয়ারম্যান , সিরাজগঞ্জ সদর মহোদয়ের অফিস কক্ষে এক সভা আহবান করা হয়েছে।

উক্ত সভার সকল সদস্যগণকে যথা সময়ে নির্দিষ্ট স্থানে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ স্থায়ী কমিটি
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ।

স্মারক নংঃ ১২.১৮.৮৮৭৮.০৪১.৩৮.০০৭.২১.৮৫৮ (৫)। তারিখঃ ২২/০৮/২০২১খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। ভাইস চেয়ারম্যান ও কৃষি স্থায়ী কমিটির সভাপতি, সিরাজগঞ্জ সদর উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর।
২। চেয়ারম্যান ও কৃষি স্থায়ী কমিটির সদস্য, মেছড়া ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর ।
৩। চেয়ারম্যান ও কৃষি স্থায়ী কমিটির সদস্য, কাওয়াকোলা ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর ।
৪। চেয়ারম্যান ও কৃষি স্থায়ী কমিটির সদস্য, কালিয়া হরিপুর ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর ।
৫। অফিস কপি, অত্র দপ্তর।

২২/৮/২১

উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ।

সভা নং-/৪-২০২১

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি
সিরাজগঞ্জ সদর এর সভার কার্যবিবরণী।

সভাপতিঃ- এসএম নাছিম রেজা নুর, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ।

স্থানঃ সভাপতির অফিস কক্ষ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

তারিখঃ ২৫/০৮/২০২১ খ্রিঃ সময়ঃ সকাল-১০.০০ ঘটিকা।

| ক্রং নং | সদস্যের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ রোস্তম আলী | উপজেলা কৃষি অফিসার, সিরাজগঞ্জ সদর। | স্বাক্ষরিত |
| ০২ | ডাঃ মোঃ হারুনার রশিদ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর। | স্বাক্ষরিত |
| ০৩ | মোঃ মোসাদ্দেক হোসেন | সহকারী প্রকৌশলী পানাসি, সিরাজগঞ্জ সদর। | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সবুর আলী সেখ | চেয়ারম্যান, কালিয়া হরিপুর ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর। | স্বাক্ষরিত |
| ০৫ | মোঃ আব্দুল মজিদ | চেয়ারম্যান, মেছড়া ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর। | স্বাক্ষরিত |
| ০৬ | মোঃ আঃ আলীম ভুইয়া | চেয়ারম্যান, কাওয়াকোল ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর। | স্বাক্ষরিত |

অদ্যকার সভার সভাপতি উপজেলা ভাইস চেয়ারম্যান সিরাজগঞ্জ সদর মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি কর্মসুচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবকে আহবান জানান। সদস্য সচিব সকলকে স্বাগত জানিয়ে আলোচনা শুরু করেন।

| আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| কেঁচো কম্পোষ্ট সার তৈরির প্রকল্প গ্রহন | সদস্য সচিব উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, ফসল উৎপাদনে মাটিতে অত্যাধিক রাসায়নিক সার ব্যবহারের ফলে মাটিতে জৈব পদার্থ হ্রাস পেয়ে মাটি বিষাক্ত রুপধারন করেছে। এই বিষাক্ততা দুরীকরণ ও ফসলের কাংখিত ফলন পেতে হলে মাটির জৈব পদার্থ সংরক্ষণের জন্য কম্পোষ্ট সার ব্যবহারের বিকল্প নাই। তাই কম্পোষ্ট সারের মধ্যে কেঁচো কম্পোষ্ট সার অত্যান্ত ফলপ্রসূ কার্যকরী সার। এর খরচ, কৃষক পর্যায়ে সম্প্রসারণ, উপজেলা অর্থায়নে কৃষকদের মাঝে প্রকল্প গ্রহণের আয়-ব্যয় বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলা প্রশাসনের সহযোগিতায় কৃষকদের মাঝে প্রকল্পগ্রহণের(প্রদর্শনী স্থাপনের) সিদ্ধান্ত গৃহীত। |
| মৌ-চাষ | সদস্য সচিব উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, মৌ-চাষ একটি লাভজনক ব্যবসা। একদিকে যেমন মধু পাওয়া যায় অন্যদিকে ফুলের পরাগায়নের জন্য কার্যকরী ভুমিকা পালন করে। মৌমাছি সংরক্ষণ বা রক্ষা করতে না পারলে ফসল উৎপাদনে কৃষিতে বিশাল হুমকির মুখে পড়বে বলে কৃষি বিজ্ঞানীদের ধারনা। উপজেলা প্রশাসনেরসাথে সমন্বয় সাধন করে-মৌ-চাষ সম্প্রসারণের জন্য মধুবক্স স্থাপনের জন্য সম্ভাব্য উপকরণ, প্রকল্প গ্রহণের আয়-ব্যয় বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলা প্রশাসনের সহযোগিতায় মৌ-চাষ ব্যাপক প্রচারনাসহ মৌ-চাষ স্থানীয় ভাবে উদ্বুদ্ধ করতে হবে প্রযুক্তি সম্প্রসারণের প্রকল্প গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ছোনগাছা ইউনিয়নে সেচের জন্য পাকাড্রেন বা নালা বিষয়ে আলোচনা। | সদস্য সচিব উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, ছোনগাছা ইউনিয়নের সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ সহিদুল আলম ব্যাক্তিগত ভাবে উপজেলা চেয়ারম্যান, কৃষি ও সেচ কমিটির সভাপতি উপজেলা ভাইস চেয়ারম্যান, নির্বাহী অফিসার, কৃষি ও সেচ কমিটির সদস্যসচিব উপজেলা কৃষি অফিসারের সাথে ছোনগাছা ইউনিয়নে সেচের পানি অপচয়রোধে পাকাড্রেন বা নালা তৈরির জন্য প্রস্তাব পেশ করেন। এ বিষয়ে সভায় যাচাই বাছাই করে সেচের জন্য পাকা ড্রেন তৈরির নিয়ে উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় সাধনে আলোচনা করা। | উপজেলা প্রশাসনের সহযোগিতায় সমন্বয় সাধনে সেচ বিঘ্নতা দুরীকরণে কার্যকরী ফলপ্রসূ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। |

**১। কেচো কম্পোষ্ট তৈরীর জন্য সম্ভাব্য উপকরন ব্যয়ঃ**

| ক্রমিক নং | খাতের নাম | পরিমান | উপকার ভোগীর সংখ্যা | মোট পরিমান | প্রতি মূল্য | মোট মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | কেচো ক্রয় | ১.৫(কেজি) | ২৫ | ৩৭.৫(কেজি) | ৩০০০/= | ১১২৫০০/= |
| ২ | চাড়ি/রিং | ২ টি | ২৫ | ৫০ | ২৫০/= | ১২৫০০/= |
| ৩ | টিন | ২ টি | ২৫ | ৫০ | ৫০০/= | ২৫০০০/= |
| ৪ | বাশ | ২ টি | ২৫ | ৫০ | ২৫০/= | ১২৫০০/= |
| ৫ | কাঠ | পরিমান মত | ২৫ | | ৪০০/= | ১০০০০/= |
| ৬ | সাইন বোর্ড | ২৫ টি | ২৫ | | ৫০০/= | ১২৫০০/= |
| ৭ | প্রশিক্ষণ | ১ টি | ২৫ | | ৫০০/= | ১২৫০০/= |
| ৮ | প্রশিক্ষণ ভাতা | ৫ জন | ২৫ | সম্মানী ভাতা | ১০০০/= | ৫০০০/= |
| ৯ | উপকরণ (খাতা,কলম,লিফলেট) | ১ টি | ২৫ | ২৫ | ২০০/= | ৫০০০/= |
| ১০ | দুপুরের খাবার | ১ টি | ৩০ | | ২৫০/= | ৭৫০০/= |
| ১১ | আনুষঙ্গিক (ব্যানার, কাগজ,ডকুমেন্টেশন) | থোক | | | | ২৫০০/= |
| | সর্বমোট | | | | | ২৩০০০০/= |

২। মধুবক্স স্থাপনের জন্য সম্ভাব্য উপকরণ ব্যয়ঃ

| ক্রমিক নং | খাতের নাম | পরিমাণ | উপকার ভোগীর সংখ্যা | মোট পরিমাণ | প্রতি মূল্য | মোট মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | বক্স (৫ ফ্রেম বিশিষ্ট) | ২৫ টি | ২৫ | ২৫ টি | ৫৫০০/= | ১৩৭৫০০/= |
| ২ | সংগ্রহ মেশিন | ২ টি | ২৫ | ২ টি | ৭৫০০/= | ১৫০০০/= |
| ৩ | মুখোশ | ১টি | ২৫ | ২৫ টি | ২৫০/= | ৬২০০/= |
| ৪ | হাইভ টুল | ৫ টি | ২৫ | ৫ টি | ১০০/= | ৫০০/= |
| ৫ | স্মোকার | ৫ টি | ২৫ | ৫ টি | ৭০০/= | ৩৫০০/= |
| ৬ | সাইন বোর্ড | ৫ টি | ২৫ | ৫ টি | ৫০০/= | ২৫০০/= |
| ৭ | প্রশিক্ষণার্থী ভাতা | ১ টি | ২৫ | ২৫ টি | ৫০০/= | ১২৫০০/= |
| ৮ | প্রশিক্ষণ ভাতা | ৫ জন | ২৫ | সম্মানী ভাতা | ১০০০/= | ৫০০০/= |
| ৯ | উপকরণ (খাতা,কলম,লিফলেট) | ১ টি | ২৫ | ২৫ টি | ২০০/= | ৫০০০/= |
| ১০ | দুপুরের খাবার | ১ টি | ৩০ | ৩০ টি | ২৫০/= | ৭৫০০/= |
| ১১ | আনুষঙ্গিক (ব্যানার, কাগজ,ডকুমেন্টেশন) | থোক | | | | ৪৮০০/= |
| | | | | | | ২০০০০০/= |

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষনা করেন।

স্বাঃ
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ
ও
সভাপতি
উপজেলা কৃষিও সেচ বিষয়ক স্থায়ী কমিটি।
তারিখ ঃ ২৫/০৮/২০২১ খ্রিঃ।

স্মারক নং ১২.১৮.৮৮৭৮.০৪১.০৬.০২৪.২১.৮৭০(৫)
অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
২। উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
৩। চেয়ারম্যান, কালিয়া হরিপুর/মেছড়া/কাওয়াকোলা ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর।

২৫/৮/২২

(মোঃ রোস্তম আলী)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
সিরাজগঞ্জ সদর ,সিরাজগঞ্জ।

## নোটিশ

এতদ্বারা উপজেলা কৃষি স্থায়ী কমিটির সকল সম্মানিত সদস্যদের জানানো যাচ্ছে যে, আগামী ০৭/০৪/২০২২ খ্রিঃ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় অত্র কমিটির সম্মানিত সভাপতি উপজেলা ভাইস চেয়ারম্যান , সিরাজগঞ্জ সদর মহোদয়ের অফিস কক্ষে এক সভা আহবান করা হয়েছে।

উক্ত সভার সকল সদস্যগণকে যথা সময়ে নির্দিষ্ট স্থানে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ
উপজেলা কৃষি অফিসার
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ।

স্মারক নংঃ ১২.১৮.৮৮৭৮.০৪১.৩৮.০০৭.২২.৪০২ (৫)।
তারিখঃ ০৫/০৪/২০২২খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। ভাইস চেয়ারম্যান ও কৃষি স্থায়ী কমিটির সভাপতি, সিরাজগঞ্জ সদর উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ ।
২। চেয়ারম্যান ও কৃষি স্থায়ী কমিটির সদস্য, মেছড়া ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর ।
৩। চেয়ারম্যান ও কৃষি স্থায়ী কমিটির সদস্য, কাওয়াকোলা ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর ।
৪। চেয়ারম্যান ও কৃষি স্থায়ী কমিটির সদস্য, কালিয়া হরিপুর ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর ।
৫। অফিস কপি, অত্র দপ্তর।

উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ।

**সভা নং-/২-২০২২**
**উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি**
**সিরাজগঞ্জ সদর এর সভার কার্যবিবরণী।**

সভাপতিঃ- এসএম নাছিম রেজা নুর, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ।
স্থানঃ সভাপতির অফিস কক্ষ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
তারিখঃ ০৭/০৪/২০২০ খ্রিঃ সময়ঃ সকাল-১০.০০ ঘটিকা।

| ক্রং নং | সদস্যের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ রোস্তম আলী | উপজেলা কৃষি অফিসার, সিরাজগঞ্জ সদর। | |
| ০২ | ডাঃ মোঃ হারুনার রশিদ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর। | |
| ০৩ | মোঃ মোসাদ্দেক হোসেন | সহকারী প্রকৌশলী পানাসি, সিরাজগঞ্জ সদর। | |
| ০৪ | মোঃ সবুর আলী সেখ | চেয়ারম্যান, কালিয়া হরিপুর ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর। | |
| ০৫ | মোঃ আব্দুল মজিদ | চেয়ারম্যান, মেছড়া ইউনিয়ান, সিরাজগঞ্জ সদর। | |
| ০৬ | মোঃ জিয়াউর রহমান | চেয়ারম্যান, কাওয়াকোল ইউনিয়ান, সিরাজগঞ্জ সদর। | |

অদ্যকার সভার সভাপতি উপজেলা ভাইস চেয়ারম্যান সিরাজগঞ্জ সদর মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি কর্মসূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবকে আহবান জানান। সদস্য সচিব সকলকে স্বাগত জানিয়ে আলোচনা শুরু করেন।

| আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| **AWD(Alternate Wetting& Drying ) পদ্ধতিতে ধানের জমিতে সেচ প্রদান ঃ** AWD পদ্ধতিতে সেচ প্রদান করলে সুবিধা সমূহ হলোঃ **জমিতে সেচ প্রদানের সময় ও পদ্ধতিঃ** | সদস্য সচিব জানান যে, । AWD আন্তর্জাতিক ধান গবেষনা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত ধানের জমিতে সেচ প্রদান পদ্ধতি- যাতে ধান ক্ষেতের মাটিতে স্থাপিত ছিদ্রযুক্ত পর্যবেক্ষন নলের ভেতর পানির মাত্রা দেখে সেচ প্রদানের সময় নিধারণ করা হয়। ৩০ সেঃমিঃ লম্বা ও ১০ সেঃমিঃ ব্যাসের পর্যবেক্ষণ নলটির ২০ সেঃমিঃ ছিদ্রযুক্ত অংশ মাটির ওপরে থাকবে। যখন নলের ভেতরে কোন পানি দেখা না যায় তখনই সেচ দেওয়ার উপযুক্ত হয়েছে বলে ধরে নিতে হবে। বোরোর ক্ষেত্রে চারা রোপনের ১০ দিন পর্যন্ত জমিতে ৪ সেঃমিঃ দাড়ানো পানি রাখতে হবে। গাছে ফুল আসা থেকে দুধ স্তর পর্যন্ত ২ সপ্তাহ জমিতে অবশ্যই ৫ সেঃমিঃ দাড়ানো পানি রাখতে হবে। **এক্ষেত্রে AWD পদ্ধতি ব্যবহারের প্রয়োজন হয় না।** (১) বোরো ধান চাষে প্রচলিত প্লাবন সেচের তুলনায় ৩০-৫০% কম পানি লাগবে এবং সেচ খরচ আনুপাতিক হারে কমে যাবে।(২) সেচ কার্যে ব্যবহৃত ডিজেলের পরিমান কমে আসবে এবং বৈদেশিক মুদ্রার সাশ্রয় হবে।(৩) ভূ- গর্ভস্থ পানির ওপর চাপ কমবে এবং পরিবেশ দূষণ, যেমন আর্সেনিক দূষন, মরুপ্রবণতা কমে আসবে। উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতার জন্য সভায় আলোচনা হয়। | কোন ভাবেই যেন আবাদী জমি হ্রাস না পায় সে বিষয়ে উপজেলা প্রশাসনের সাথে সমম্বয় সাধন করতে হবে। |
| প্রযুক্তি সম্প্রসারণ বিষয়ে আলোচনা | সদস্য সচিব জানান যে, ফসলের উৎপাদন বৃদ্ধির জন্য বিভিন্ন প্রকার প্রযুক্তি কৃষকের মাঝে সম্প্রসারণ করা অতীব জরুরী। আধুনিক প্রযুক্তি গ্রহণ ও বাস্তবায়ন ব্যতিত কৃষকের আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন সম্ভব নয়। প্রযুক্তি যেমন- লাইনে চারা রোপন, গুটি ইউরিয়া প্রয়োগ, পার্চিং, এলসিসি ব্যবহার, খামারজাত সার তৈরি ইত্যাদি সম্প্রসারণের লক্ষ্যে উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতার জন্য সভায় আলোচনা হয়। | উপজেলা পরিষদের সাথে সমম্বয়ের মাধ্যমে প্রযুক্তি সম্প্রসারণের জন্য কৃষকদের প্রশিক্ষণ ও প্রদর্শনী স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| এলসিসি(লিফ কালার চার্ট) বা পাতাররং মাপার যন্ত্র এবং এলসিসি ব্যবহারের উপকারিতা ঃ | সদস্য সচিব জানান যে , লীফ কালার চার্ট এর সংক্ষিপ্ত নাম এলসিসি। এটি সহজে ব্যবহার যোগ্য কারিগরী মাধ্যম যা ব্যবহার করে ধানী জমিতে ঠিক সময়ে ঠিক পরিমাণে আরও অধিকতর কার্যকরভাবে ইউরিয়া সার প্রয়োগ করা যায়। এলসিসি প্লাস্টিকের তৈরি ৪ ইঞ্চি মাপের স্কেল বিশেষ, যাতে হালকা হলুদাভ সবুজ থেকে ক্রমান্বয়ে গাঢ় সবুজ রঙয়ের চারটি স্ট্রিপ আছে। এলসিসির রঙিন স্ট্রিপগুলোর সাথে ধান গাছের পাতার রং মিলিয়ে কৃষকেরা ধান ক্ষেতে ইউরিয়া সার প্রয়োগের সঠিক সময় নির্ধারণ করতে পারে। আমন মৌসুমে, রোপা ধান রোপনের ১৫ দিন ও বোনা ধানে পাতা বের হবার ১৫ দিন পর থেকে ধান গাছের থোর অবস্থা পর্যন্ত প্রতি ১০ দিন পর পর এবং বোরো মৌসুমে, ধান রোপনের মৌসুমের ধানের চারা রোপনের ২১ দিন ও বোনা ধানে পাতা বের হবার ২৫ দিন পর থেকে ধান গাছের থোর অবস্থা পর্যন্ত প্রতি ১০ দিন পর পর এলসিসি দিয়ে ধানের পাতার রং মাপতে হয় । এলসিসি ব্যবহারের ধানের উপকারিতা ঃ ১। ফলন না কমিয়ে গড় ইউরিয়া সাশ্রয় । আমন মৌসুমে শতকরা ৬-৩৬ ভাগ। বোরো মৌসুমে শতকরা ১৭-২৩ ভাগ । উপজেলা | উপজেলা প্রশাসনের সাথে সমম্বয়ের মাধ্যমে প্রযুক্তি সম্প্রসারণের সিদ্ধান্ত গৃহীত হয়। |

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:
( এসএম নাছিম রেজা নুর)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ
ও
সভাপতি
উপজেলা কৃষি বিষয়ক স্থায়ী কমিটি

স্মারক নং: ১২.১৮.৮৮৭৮.০৪১.০৬.০২৪.২০.৪১৫(৫)

তারিখ: ০৭/০৪/২০২২খ্রি:।

১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
২। উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
৩। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর।
৪। সহকারী প্রকৌশলী পানাসি, সিরাজগঞ্জ সদর।
৫। চেয়ারম্যান, কালিয়া হরিপুর/মেছড়া/কাওয়াকোলা ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর।

7/4/22
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষিও সেচ বিষয়ক স্থায়ী কমিটি
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
সিরাজগঞ্জ সদর ,সিরাজগঞ্জ ।

## নোটিশ

এতদ্বারা উপজেলা কৃষি স্থায়ী কমিটির সকল সম্মানিত সদস্যদের জানানো যাচ্ছে যে, আগামী ০৮/০৬/২০২২ খ্রিঃ রোজ বুধবার সকাল ১০.০০ ঘটিকায় অত্র কমিটির সম্মানিত সভাপতি উপজেলা ভাইস চেয়ারম্যান , সিরাজগঞ্জ সদর মহোদয়ের অফিস কক্ষে এক সভা আহবান করা হয়েছে ।

উক্ত সভার সকল সদস্যগণকে যথা সময়ে নির্দিষ্ট স্থানে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ
উপজেলা কৃষি অফিসার
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ।
তারিখঃ ০৫/০৬/২০২২খ্রিঃ ।

স্মারক নংঃ ১২.১৮.৮৮৭৮.০৪১.৩৮.০০৭.২২.৬৪০ (৫) ।
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১ । ভাইস চেয়ারম্যান ও কৃষি স্থায়ী কমিটির সভাপতি, সিরাজগঞ্জ সদর উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ ।
২ । চেয়ারম্যান ও কৃষি স্থায়ী কমিটির সদস্য, মেছড়া ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর ।
৩ । চেয়ারম্যান ও কৃষি স্থায়ী কমিটির সদস্য, কাওয়াকোলা ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর ।
৪ । চেয়ারম্যান ও কৃষি স্থায়ী কমিটির সদস্য, কালিয়া হরিপুর ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর ।
৫ । অফিস কপি, অত্র দপ্তর ।

উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ ।

সভা নং-/৩-২০২২

**উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি**

**সিরাজগঞ্জ সদর এর সভার কার্যবিবরণী।**

সভাপতিঃ- এসএম নাছিম রেজা নুর, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ।

স্থানঃ সভাপতির অফিস কক্ষ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

তারিখঃ ০৮/০৬/২০২২ খ্রিঃ                                    সময়ঃ সকাল-১০.০০ ঘটিকা।

| ক্রং নং | সদস্যের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ রোস্তম আলী | উপজেলা কৃষি অফিসার, সিরাজগঞ্জ সদর। | |
| ০২ | ডাঃ আশিষ কুমার দেবনাথ(ভারপ্রাপ্ত) | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর। | |
| ০৩ | মোঃ মোসাদ্দেক হোসেন | সহকারী প্রকৌশলী পানাসি, সিরাজগঞ্জ সদর। | |
| ০৪ | মোঃ সবুর আলী সেখ | চেয়ারম্যান, কালিয়া হরিপুর ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর। | |
| ০৫ | মোঃ আব্দুল মজিদ | চেয়ারম্যান, মেছড়া ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর। | |
| ০৬ | মোঃ জিয়াউর রহমান | চেয়ারম্যান, কাওয়াকোলা ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর। | |

অদ্যকার সভার সভাপতি উপজেলা ভাইস চেয়ারম্যান সিরাজগঞ্জ সদর মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি কর্মসূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবকে আহবান জানান। সদস্য সচিব সকলকে স্বাগত জানিয়ে আলোচনা শুরু করেন।

| আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| পরিবেশ বান্ধব কৃষি | সদস্য সচিব জানান যে, ফসলের উৎপাদন বৃদ্ধির জন্য বিভিন্ন প্রকার প্রযুক্তি কৃষকের মাঝে সম্প্রসারণ করা অতীব জরুরী। আধুনিক প্রযুক্তি গ্রহণ ও বাস্তবায়ন ব্যতিত কৃষকের আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন সম্ভব নয়। সনাতন কৃষির বদলে বর্তমানে অনেক বেশি আধুনিক । কৃষিতে নানা প্রযুক্তির ব্যবহার নানা সম্ভাবনার দুয়ার কৃষিকে করেছে গতিময়। আমাদের কৃষি কাজগুলো বেশি ভাগই নির্মল পরিবেশের জন্য সহায়ক নয়। আমরা যখন বালাইনাশক করি তার বেশি ভাগই রাসায়নিক। রাসায়নিক দ্রব্যাদির নির্বিচার ব্যহারে জলজ,প্রাণিজ ও ক্ষেতে থাকা আমাদের উপকারী প্রাণীগুলো মারা যাচ্ছে অহরহ । রাসায়নিক দ্রব্যাদি পানিতে যখন মেশে তখন জলজ প্রাণীগুলো ও মারা যায়। বর্তমানে বেগুন ক্ষেতের ফলছিদ্রকারী পোকা দমনে যথেচ্ছা কীটনাশক ব্যবহার করা হয়। যা মানব স্বাস্থের জন্য ক্ষতিকর্ কারন কীটনাশক রেসিডুয়াল ইফেক্ট থাকে অনেক দিন। এছাড়া আমরা কীটনাশক ব্যবহার করার পর সবজি তোলার জন্য যে অপেক্ষমান সময় মেনে চলতে হয় তা মানি না। ফলে নিজের অজান্তেই আমাদের শরীরে বিষ ঢুকে যাচ্ছে। আমরা হচ্ছি বিকলাঙ্গ বা বন্ধা। সে কারনে সেক্স ফেরোমমন ফাঁদ,বিটি বেগুন চাষাবাদ করা হচ্ছে । এ বিষয়ে সচেতনা তৈরিতে জৈবকৃষির উপর ফসল উৎপাদনে সভায় ব্যাপক আলোচনা হয়। | উপজেলা প্রশাসনের সাথে সমন্বয়ের মাধ্যমে এ বিষয়ে সচেতনা তৈরিতে জৈবকৃষির উপর ফসল উৎপাদনে প্রযুক্তি সম্প্রসারণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| **বসতবাড়ির আঙ্গিনায় সবজি চাষ ও সুবিধা ঃ** | সদস্য সচিব উপজেলা কৃষিঅফিসার বলেন ,বাংলাদেশের মোট আবাদী জমির শতকরা ৫ ভাগের মত প্রায় দেড় কোটি বসতবাড়ীর আওতায় রয়েছে। কিন্তু এসব ৈ অধিকাংশ ক্ষেত্রেই পরিকল্পিতভাবে ব্যবহার হচ্ছে না। যার ফলে আমাদের দেশে বিশেষ করে গ্রাম বাংলার মানুষ, পরিকল্পিত আবাদের মাধ্যমে বাড়ীর আঙ্গিনা থেকে যে বিপুল পরিমাণ শাক-সবজি এবং ফলমূল উৎপাদন করে পুষ্টির চাহিদা পূরণ থেকে বঞ্চিত হচ্ছে। শাক-সবজি ও ফলমূল থেকে যে সব পুষ্টি উপাদান অতি সহজে পাওয়া যায় তা বহু জটিল রোগকে প্রতিরোধ করে। প্রয়োজনীয় পরিমানে শাক-সবজি না খাওয়ার কারণেই আমাদের দেশে জনগোষ্ঠীর বিরাট অংশ চরম পুষ্টিহীনতায় ভূগছে এবং নানাবিধ রোগে আক্রান্ত হচ্ছে। বাড়ীর আঙ্গিনায় সবজি বা ফলের চাষে পরিবারের চাহিদা মিটিয়ে বাড়তি সবজি বিক্রি করে পরিবারের জন্য বাড়তি আয়ের সংস্থান করাযায়। সভায় বাড়ীর আঙ্গিনায় পরিত্যক্ত কিংবা ফেলে রাখা জায়গায় সবজি বা ফলের চাষের জন্য ব্যাপক আলোচনা করা হয়। | উপজেলা প্রশাসনের সাথে সমন্বয়ের মাধ্যমে বসতবাড়ির আঙ্গিনায় সবজি চাষে সুবিধা ও প্রযুক্তি সম্প্রসারণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বিষমুক্ত ফসল উৎপাদন | সদস্য সচিব জানান যে, বর্তমানে ফসল উৎপাদনে কৃষকের অজ্ঞতা/অধিক মুনাফার আশায় বিভিন্ন প্রকার কীটনাশক মাত্রাতিরিক্ত ব্যবহার করে। যার ফলে এসব খাবার খেয়ে মানুষ বিভিন্ন দুরারোগ্য ব্যধিতে আক্রান্ত হচ্ছে। এ বিষয়ে সচেতনা তৈরিতে জৈব | উপজেলা প্রশাসনের সহযোগিতায় জৈব পদ্ধতিতে ফসল উৎপাদনের জন্য ব্যপক প্রচারনাসহ প্রদর্শনী |

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষনা করেন।

স্বা:
(এসএম নাহিম রেজা নুর)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ
ও
সভাপতি
উপজেলা কৃষি বিষয়ক স্থায়ী কমিটি।
তারিখ ঃ ৮/০৬/২০২২ খ্রিঃ।

স্মারক নং ১২.১৮.৮৮৭৮.০৪১.০৬.০২৪.২০.৮৭২(৫)
অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
২। উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
৩। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর।
৪। সহকারী প্রকৌশলী পানাসি, সিরাজগঞ্জ সদর।
৫। চেয়ারম্যান, কালিয়া হরিপুর/মেছড়া/কাওয়াখোলা ইউনিয়ন, সিরাজগঞ্জ সদর।

8/6/2022
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষিও সেচ বিষয়ক স্থায়ী কমিটি
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির উপস্থিত সদস্যগণের তালিকা
সিরাজগঞ্জ সদর ,সিরাজগঞ্জ।
তাং- ২৫/০৮/২০২১

| ক্রং নং | সদস্যের নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | এস এম নাসিম রেজা নুর | উপজেলা ভাইস চেয়ারম্যান ও<br>সভাপতি, উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০২ | মোঃ সবুর আলী সেখ | চেয়ারম্যান, কালিয়া হরিপুর ইউনিয়ন পরিষদ<br>(সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০৩ | মোঃ আব্দুল মজিদ | চেয়ারম্যান, মেছড়া ইউনিয়ন পরিষদ<br>(সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০৪ | মোঃ জিয়াউর রহমান | চেয়ারম্যান, কাওয়াকোল ইউনিয়ন পরিষদ<br>(সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০৫ | ডাঃ আশিষ কুমার দেবনাথ(ভারপ্রাপ্ত) | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর<br>(কো-অপ্ট সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০৬ | মোঃ মোসাদ্দেক হোসেন | সহকারী প্রকৌশলী পানাসি, সিরাজগঞ্জ সদর<br>(কো-অপ্ট সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০৭ | মোঃ রোস্তম আলী | উপজেলা কৃষি অফিসার, সিরাজগঞ্জ সদর<br>(সদস্য সচিব) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |

## উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির উপস্থিত সদস্যগণের তালিকা
## সিরাজগঞ্জ সদর ,সিরাজগঞ্জ।

তাং- ২১।১০।২০২১

| ক্রং নং | সদস্যের নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | এস এম নাসিম রেজা নূর | উপজেলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি, উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০২ | মোঃ সবুর আলী সেখ | চেয়ারম্যান, কালিয়া হরিপুর ইউনিয়ন পরিষদ (সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০৩ | মোঃ আব্দুল মজিদ | চেয়ারম্যান, মেছড়া ইউনিয়ন পরিষদ (সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০৪ | মোঃ জিয়াউর রহমান | চেয়ারম্যান, কাওয়াকোল ইউনিয়ন পরিষদ (সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০৫ | ডাঃ আশিষ কুমার দেবনাথ(ভারপ্রাপ্ত) | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর (কো-অপ্ট সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০৬ | মোঃ মোসাদ্দেক হোসেন | সহকারী প্রকৌশলী পাবসি, সিরাজগঞ্জ সদর (কো-অপ্ট সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০৭ | মোঃ রোস্তম আলী | উপজেলা কৃষি অফিসার, সিরাজগঞ্জ সদর (সদস্য সচিব) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির উপস্থিত সদস্যগণের তালিকা

সিরাজগঞ্জ সদর ,সিরাজগঞ্জ।

তাং- ২৮।১২।২০২১

| ক্রং নং | সদস্যের নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | এস এম নাসিম রেজা নূর | উপজেলা ভাইস চেয়ারম্যান ও<br>সভাপতি, উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০২ | মোঃ সবুর আলী সেখ | চেয়ারম্যান, কালিয়া হরিপুর ইউনিয়ন পরিষদ<br>(সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০৩ | মোঃ আব্দুল মজিদ | চেয়ারম্যান, মেছড়া ইউনিয়ন পরিষদ<br>(সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০৪ | মোঃ জিয়াউর রহমান | চেয়ারম্যান, কাওয়াকোল ইউনিয়ন পরিষদ<br>(সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০৫ | ডাঃ আশিষ কুমার দেবনাথ(ভারপ্রাপ্ত) | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর<br>(কো-অপ্ট সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০৬ | মোঃ মোসাদ্দেক হোসেন | সহকারী প্রকৌশলী পানাসি, সিরাজগঞ্জ সদর<br>(কো-অপ্ট সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০৭ | মোঃ রোস্তম আলী | উপজেলা কৃষি অফিসার, সিরাজগঞ্জ সদর<br>(সদস্য সচিব) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |

## উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির উপস্থিত সদস্যগণের তালিকা

সিরাজগঞ্জ সদর ,সিরাজগঞ্জ।

তাং- ২৪।০২।২০২২

| ক্রং নং | সদস্যের নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | এস এম নাসিম রেজা নূর | উপজেলা ভাইস চেয়ারম্যান ও<br>সভাপতি, উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০২ | মোঃ সবুর আলী সেখ | চেয়ারম্যান, কালিয়া হরিপুর ইউনিয়ন পরিষদ<br>(সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০৩ | মোঃ আব্দুল মজিদ | চেয়ারম্যান, মেছড়া ইউনিয়ন পরিষদ<br>(সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০৪ | মোঃ জিয়াউর রহমান | চেয়ারম্যান, কাওয়াকোলা ইউনিয়ন পরিষদ<br>(সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০৫ | ডাঃ আশিষ কুমার দেবনাথ(ভারপ্রাপ্ত) | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর<br>(কো-অপ্ট সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০৬ | মোঃ মোসাদ্দেক হোসেন | সহকারী প্রকৌশলী পানাসি, সিরাজগঞ্জ সদর<br>(কো-অপ্ট সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০৭ | মোঃ রোস্তম আলী | উপজেলা কৃষি অফিসার, সিরাজগঞ্জ সদর<br>(সদস্য সচিব) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির উপস্থিত সদস্যগণের তালিকা
সিরাজগঞ্জ সদর ,সিরাজগঞ্জ।
তাং-২৭।০৪।২০২২.

| ক্রং নং | সদস্যের নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | এস এম নাসিম রেজা নূর | উপজেলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি, উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | [signature] | |
| ০২ | মোঃ সবুর আলী সেখ | চেয়ারম্যান, কালিয়া হরিপুর ইউনিয়ন পরিষদ (সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | [signature] | |
| ০৩ | মোঃ আব্দুল মজিদ | চেয়ারম্যান, মেছড়া ইউনিয়ন পরিষদ (সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | [signature] | |
| ০৪ | মোঃ জিয়াউর রহমান | চেয়ারম্যান, কাওয়াকোলা ইউনিয়ন পরিষদ (সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | [signature] | |
| ০৫ | ডাঃ আশিষ কুমার দেবনাথ(ভারপ্রাপ্ত) | উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর (কো-অপ্ট সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | [signature] | |
| ০৬ | মোঃ মোসাদ্দেক হোসেন | সহকারী প্রকৌশলী পানাসি, সিরাজগঞ্জ সদর (কো-অপ্ট সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০৭ | মোঃ রোস্তম আলী | উপজেলা কৃষি অফিসার, সিরাজগঞ্জ সদর (সদস্য সচিব) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | [signature] | |

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির উপস্থিত সদস্যগণের তালিকা

সিরাজগঞ্জ সদর ,সিরাজগঞ্জ।

তাং- ২৮/০৬/২০২২.

| ক্রং নং | সদস্যের নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | এস এম নাসিম রেজা নূর | উপজেলা ভাইস চেয়ারম্যান ও<br>সভাপতি, উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০২ | মোঃ সবুর আলী সেখ | চেয়ারম্যান, কালিয়া হরিপুর ইউনিয়ন পরিষদ<br>(সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০৩ | মোঃ আব্দুল মজিদ | চেয়ারম্যান, মেছড়া ইউনিয়ন পরিষদ<br>(সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০৪ | মোঃ জিয়াউর রহমান | চেয়ারম্যান, কাওয়াকোলা ইউনিয়ন পরিষদ<br>(সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০৫ | ডাঃ আশিষ কুমার দেবনাথ(ভারপ্রাপ্ত) | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর<br>(কো-অপ্ট সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০৬ | মোঃ মোসাদ্দেক হোসেন | সহকারী প্রকৌশলী পানাসি, সিরাজগঞ্জ সদর<br>(কো-অপ্ট সদস্য) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |
| ০৭ | মোঃ রোস্তম আলী | উপজেলা কৃষি অফিসার, সিরাজগঞ্জ সদর<br>(সদস্য সচিব) উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি | | |